



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২২ সেপ্টেম্বর ২০১২

প্রেস বিজ্ঞপ্তি

রাঙামাটি ও চট্টগ্রামে পাহাড়ীদের ওপর হামলার নিন্দা

গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি নতুন কুমার চাকমা, পাহাড়ি ছাত্র পরিষদের সভাপতি সুমেন চাকমা ও হিল উইমেন্সে ফেডারেশনের সভানেত্রী কণিকা দেওয়ান আজ এক বিবৃতিতে রাঙামাটি শহরে ও চট্টগ্রামের অক্সিজেনে পাহাড়ীদের ওপর হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

নেতৃত্বদ্বন্দ্ব অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার ও বিচার, আহত ও ক্ষতিগ্রস্তদের যথাযথ ক্ষতিপূরণ প্রদান এবং পাহাড়ি জনগণের জানমাল রক্ষার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য প্রশাসনের কাছে দাবি জানান।

রাঙামাটির হামলাকে সুপরিকল্পিত আখ্যায়িত করে বিবৃতিতে তারা বলেন, সেটলারদের একটি বিশেষ অংশ দীর্ঘ দিন ধরে পাহাড়ে নতুন করে দাঙ্গা সৃষ্টির ষড়যন্ত্র করে আসছিল। ইতিপূর্বে তারা খাগড়াছড়িতে নানাভাবে উস্কানিমূলক ঘটনা ঘটিয়ে দাঙ্গা বাঁধানোর চেষ্টা চালালেও ব্যর্থ হয়।

তারা বলেন, পুলিশের নাকে ডগায় রাঙামাটিতে তাণ্ডব চালানো হয়েছে, অথচ প্রশাসন পাহাড়ীদের ও তাদের জানমাল রক্ষার জন্য কোন ধরনের পদক্ষেপ নেয়নি।

নেতৃত্বদ্বন্দ্ব আরো জানান, আজ দুপুর তিনটার দিকে চট্টগ্রামের অক্সিজেন মোড়ে খাগড়াছড়ি থেকে আসা কয়েক জন পাহাড়ির উপর কতিপয় বাঙালি বিনা উস্কানিতে হামলা চালায়। এতে অবসরপ্রাপ্ত সরকারী চাকুরীজীবী চিরশান্তি চাকমা, খাগড়াছড়ির মহাজন পাড়ায় বারবারি প্রিন্টার্সের কর্মচারী নিপুন চাকমা ও ক্লিনটন চাকমা আহত হন।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট